

## আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের কন্ঠস্বরের উপর গণভোট

শীঘ্রই অস্ট্রেলিয়ান ভোটারদের একটি গণভোটে ভোট দিতে বলা হবে। গণভোটে প্রশ্ন করা হবে যে সংবিধানে একজন আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের ভয়েস টু পার্লামেন্ট বা সংসদে কন্ঠস্বর থাকা উচিত কিনা। সংসদ হলো এমন একটি সংস্থা যা অস্ট্রেলিয়ার জন্য আইন তৈরি করে।

### ভয়েস টু পার্লামেন্ট বা সংসদে কন্ঠস্বর বিষয়টি কী?

কন্ঠস্বর হলো আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের জন্য একটি উপায় যা তাদের প্রভাবিত করে এমন আইন সম্পর্কে সরকারকে পরামর্শ দেয়। সংবিধানে কন্ঠস্বর লেখার অর্থ হলো আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের প্রভাবিত করার বিষয়ে সরকারকে পরামর্শ প্রদানে কন্ঠস্বরের একটি স্থায়ী ভূমিকা থাকবে। ভয়েস টু পার্লামেন্ট বা সংসদে কন্ঠস্বর হবে আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের সাংবিধানিকভাবে স্বীকৃত হওয়ার এবং তাদের সংস্কৃতিকে স্বীকৃতি ও উদযাপনের সুযোগ।

### কেন আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দারা সংসদে কন্ঠস্বর চাচ্ছেন?

আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দারা প্রায় 100 বছর ধরে সরকার কর্তৃক স্বীকৃত হওয়ার জন্য অনুরোধ করে আসছে। আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দারা তাদের সম্প্রদায় এবং সংস্কৃতিকে সবচেয়ে ভালোভাবে জানে। তারা তাদের সম্প্রদায়ের মুখোমুখি চ্যালেঞ্জগুলো মোকাবেলার সর্বোত্তম সমাধানগুলো জানে যা আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের জন্য একটি ন্যায্য, আরো ন্যায়সঙ্গত অভিজ্ঞতা তৈরি করতে পারে।

### সংসদে কন্ঠস্বর কী করবে?

কন্ঠস্বর আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের কাছ থেকে তাদের জীবনকে প্রভাবিত করে এমন বিষয়ে পরামর্শ শুনবে, যাতে সরকার আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের প্রভাবিত করে এমন আরো ভালো সিদ্ধান্ত নিতে পারে।

### কে সংসদে কন্ঠস্বরের প্রতিনিধিত্ব করবেন?

কন্ঠস্বর হবে প্রত্যন্ত অঞ্চল সহ প্রতিটি স্টেট এবং টেরিটোরির আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের একটি দল। প্রতিনিধিরা তাদের স্থানীয় এলাকার আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের দ্বারা নির্বাচিত হবেন।

### আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের সাথে কি সংসদে কন্ঠস্বরের ব্যাপারে পরামর্শ করা হয়েছে?

হাজার হাজার আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের মানুষ অনেক বছর ধরে কন্ঠস্বর কেন প্রয়োজন এবং কিভাবে এটি কাজ করা উচিত সে সম্পর্কে পরামর্শ দিয়েছে। 80% এরও বেশি আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দারা ভয়েস টু পার্লামেন্ট বা সংসদে কন্ঠস্বরের সমর্থন করেন।

### আইন বিশেষজ্ঞরা কী বলেছেন?

ফেডারেল সরকারের প্রতিনিধিত্বকারী সহ সাংবিধানিক আইনজীবীরা বলেছেন যে কন্ঠস্বরটি আইনগতভাবে শক্তিশালী এবং আমাদের সরকার ব্যবস্থাকে আরো ভালো করে তুলবে।

### কন্ঠস্বরটি কি আইন তৈরি করতে পারে?

না। কন্ঠস্বরটির আইন প্রণয়নের ক্ষমতা থাকবে না। এটি শুধুমাত্র আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের প্রভাবিত করে এমন বিষয়ে পরামর্শ দিবে।

### আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের কন্ঠস্বর গণভোট কী প্রশ্ন জিজ্ঞাসা করবে?

“একটি প্রস্তাবিত আইন: আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের কন্ঠস্বর প্রতিষ্ঠার মাধ্যমে অস্ট্রেলিয়ার আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের স্বীকৃতি দেওয়ার জন্য সংবিধান পরিবর্তন করা। আপনি কি এই প্রস্তাবিত পরিবর্তনকে অনুমোদন করেন?”

### আমি কিভাবে গণভোটে ভোট দিব?

গণভোট নির্বাচনের মতো। আপনাকে উপরের প্রশ্ন সহ একটি ব্যালট পেপার দেওয়া হবে এবং আপনার ভোট দেওয়ার জন্য আপনাকে ইংরেজিতে 'YES' ('হ্যাঁ') বা 'NO' ('না') লিখতে হবে। আপনি যদি 'YES' লেখেন তাহলে এর মানে হলো যে আপনি আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের সরাসরি প্রভাবিত করে এমন বিষয়ে একটি কন্ঠস্বর থাকা উচিত এ ব্যাপারে সম্মত।

### সংখ্যাগরিষ্ঠ মানুষ 'YES' ('হ্যাঁ') ভোট দিলে কী হবে?

যদি সংখ্যাগরিষ্ঠ মানুষ কন্ঠস্বরের পক্ষে YES ভোট দেয়, সরকার তখন আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের সাথে পরামর্শ করবে নকশা চূড়ান্ত করতে এবং কন্ঠস্বরটি সেট আপ করার জন্য প্রাসঙ্গিক আইন পাস করবে।

### সংখ্যাগরিষ্ঠ মানুষ NO (না) ভোট দিলে কি হবে?

সংখ্যাগরিষ্ঠ মানুষ 'NO' ভোট দিলে কিছুই পরিবর্তন হবে না। আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের সমস্যাগুলো অব্যাহত থাকবে। 'NO' ভোট দেওয়ার অর্থ হলো আপনি কন্ঠস্বরকে না ভোট দেবেন, এই গণভোটে আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দাদের সমর্থন করার কোনো বিকল্প নেই।

### আমি আরো তথ্য কোথায় পেতে পারি?

